# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
## ময়মনসিংহ

তারিখঃ ২৮-০৮-২০২২

### অক্টোবর, ২০২২ - মার্চ, ২০২৩ (Winter) সিমেস্টারে
### এম.এস. কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে অক্টোবর, ২০২২ - মার্চ, ২০২৩ (Winter Semester) সিমেস্টারে ভেটেরিনারি, কৃষি, পশুপালন, কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান, কৃষি প্রকৌশল ও প্রযুক্তি, মাৎস্য বিজ্ঞান অনুষদের অন্তর্ভুক্ত বিভাগসমূহে এবং ইন্টারডিসিপ্লিনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি (আইআইএফএস) এর অধীনে MS in Sustainable Agriculture and Food Security বিষয়ে ৩ (তিন) সিমেস্টার (১৮ মাস) মেয়াদী এম.এস. কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদন সংক্রান্ত যাবতীয় তথ্য www.bau.edu.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। ওয়েবসাইটে ভর্তি সংক্রান্ত নির্দেশনা অনুযায়ী অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন সম্পন্ন হলে একটি পিন ও পাসওয়ার্ড প্রদান করা হবে। ভর্তির জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য তথ্যাদি নিম্নে প্রদান করা হলোঃ

## ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ঃ

১. ভেটেরিনারি অনুষদের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তির জন্য ডি.ভি.এম. অথবা এম.বি.বি.এস./বি.ডি.এস. (from other recognized institutions, except students of Open University/National University/ Private University) ডিগ্রীধারী হতে হবে।

২. অন্যান্য অনুষদের সকল বিভাগে ভর্তির জন্য এ বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক ডিগ্রী অথবা অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের এ বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীর অনুরূপ ডিগ্রীধারী হতে হবে।

৩. ক) ক্রেডিট কোর্স পদ্ধতিতে স্নাতক পাশকৃত প্রার্থীদেরকে জিপিএ ৪ এর মধ্যে কমপক্ষে ২.৫ অথবা ৫ এর মধ্যে কমপক্ষে ৩.৫ থাকতে হবে এবং **ভর্তিচ্ছু সংশিস্নষ্ট বিষয়ে** B **গ্রেড/ (জিপিএ ৩) অথবা** Pre-requisite **কোর্সসমূহে গড়ে** B **(বি) গ্রেড/(জিপিএ ৩)** অথবা বার্ষিক পদ্ধতিতে পাশকৃত ছাত্র-ছাত্রীদের গড়ে কমপক্ষে ৫০% নম্বর প্রাপ্ত ছাত্র-ছাত্রী আবেদনের জন্য যোগ্য হবেন।

খ) স্ব-স্ব পাঠ্য পর্ষদ ভর্তিচ্ছু বিষয়ে ন্যূনতম B (বি) গ্রেড (জিপিএ ৩) অথবা প্রয়োজনীয় Pre-requisite কোর্সসমূহ নির্ধারণ করে গড়ে B (বি) গ্রেড (জিপিএ ৩)/বার্ষিক পদ্ধতিতে পাশকৃত ছাত্র-ছাত্রীদের গড়ে কমপক্ষে ৫০% নম্বর প্রাপ্তদের ভর্তির জন্য সুপারিশ করবেন।

৪. ৩ নং শর্ত পূরণ সাপেক্ষে যাঁরা এ বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ে কৃষি সম্প্রসারণ শিক্ষা, প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান, কৃষি ও ফলিত পরিসংখ্যাণ এবং গ্রামীণ সমাজবিজ্ঞান বিষয় সমূহের প্রতিটিতে সিমেস্টার পদ্ধতিতে ন্যূনতম ৪ (চার) ক্রেডিট অথবা বার্ষিক পদ্ধতিতে ন্যূনতম ১৫০ নম্বর অধ্যয়ন করে উত্তীর্ণ হয়েছে, তারা ঐ চারটি বিষয়ে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

## আবেদন ও ফি প্রদান ঃ

৫. আবেদনকারীদেরকে ০১ থেকে ০৯ সেপ্টেম্বর ২০২২ এর মধ্যে অনলাইনে (www.bau.edu.bd) আবেদন করতে হবে।

৬. আবেদন ফি টাকা ৭০০/- (সাতশত টাকা) মাত্র। (ট্রানজেকশন চার্জ ব্যতিত) আবেদন সম্পন্ন হলে একটি পিন ও পাসওয়ার্ড পাওয়া যাবে। প্রদত্ত পিন ও পাসওয়ার্ড ব্যবহার করে অনলাইনে আবেদনের প্রোফাইলে লগইন করে প্রবেশ করার পর ফি জমা দানের নির্ধারিত স্থানে 'রকেট' বা 'নগদ' এর হিসাব নম্বর (অর্থাৎ মোবাইল নম্বর) প্রদান করে সাবমিট করতে হবে। তক্ষণাৎ উক্ত মোবাইল নম্বরে একটি ওয়ান টাইম পাসওয়ার্ড (OTP) চলে আসবে। সেটা ফরমের নির্ধারিত স্থানে লিখে সাবমিট করার পর মোবাইলে হিসাব নম্বরের পাসওয়ার্ড দিতে মেসেজ আসবে। মোবাইলে হিসাব নম্বরের পাসওয়ার্ড লিখে সাবমিট করার সাথে সাথে পেমেন্ট সম্পন্ন হয়ে যাবে।

৭. আবেদনকারী আবেদনপত্রে তাঁর পছন্দ ক্রমানুসারে ভর্তির লক্ষ্যে মোট দুইটি বিভাগ/বিষয়ের নাম উল্লেখ করতে পারবে।

৮. আবেদনের সময় নিম্নবর্ণিত ডকুমেন্ট সমূহ আপলোড করতে হবে। কোন ডকুমেন্টের একের অধিক পেজ থাকলে সবগুলো পেজ একটি পিডিএফ ফাইলে Convert করে আপলোড করতে হবে।

ক) সকল পরীক্ষার সার্টিফিকেট, মার্কশীট এবং ১ কপি সাম্প্রতিক তোলা রঙ্গীন পাসপোর্ট সাইজ ছবি।

খ) অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে মাইগ্রেশন সার্টিফিকেট।

খ) চাকুরীরত প্রার্থীদেরকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট থেকে "অধ্যয়নকালীন সময়ে ক্লাসে যোগদান এবং শিক্ষা ও গবেষণা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য তিন সিমেস্টারব্যাপী সময়কাল অর্থাৎ ১৮ মাসের ছুটি প্রদান করা হবে"- এই মর্মে প্রত্যয়নপত্র /অফিস আদেশ এর কপি। ভর্তির তারিখ হতে তিন মাসের মধ্যে ছুটির চূড়ান্ত কাগজপত্র জমা না দিলে ভর্তি আপনা-আপনি(Automatically stand cancelled) বাতিল বলে গণ্য হবে।

## অন্যান্য তথ্যাদি ঃ

৯. এই বিশ্ববিদ্যালয়ে সাধারণ নিয়মে এম.এস. কোর্সে দ্বিতীয় বার এম.এস. ডিগ্রী অর্জনের লক্ষ্যে ছাত্র-ছাত্রী ভর্তির কোন সুযোগ নেই। তবে, বিশেষ ক্ষেত্র হিসেবে বিশেষ বিবেচনায় ছাত্র-ছাত্রীদের বিষয় ভিত্তিক প্রয়োজনীয়তার নিরিখে তাদের নিয়োগকর্তা কর্তৃক সুপারিশের আলোকে এর Merit বিবেচনায় ৫ নং শর্ত পূরণ সাপেক্ষে দ্বিতীয় বার এম.এস. কোর্সে ভর্তি হওয়ার বিষয় বিবেচনা করা যেতে পারে।

১০. শিক্ষাদান ও গবেষণার সুযোগ সুবিধাদির নিরিখে বিভাগীয় পাঠ্য পর্ষদই সংশ্লিষ্ট বিভাগে বাকৃবি থেকে পাশ করা গ্রাজুয়েটদেরকে অগ্রাধিকার প্রদান পূর্বক ছাত্র-ছাত্রী ভর্তির সংখ্যা নিরূপন ও ভর্তির বিষয়টি নির্ধারণ করবেন। এ জন্য প্রার্থীরা যে বিভাগে ভর্তি হতে ইচ্ছুক সে বিভাগে যোগাযোগ পূর্বক আবেদন করবে। বিভাগীয় পাঠ্য পর্ষদ আবেদকারী পূর্বে কোন সিমেস্টারে ভর্তিকৃত কি-না, চাকরিরত কি-না ইত্যাদি যাচাই-বাছাই পূর্বক ভর্তির জন্য সুপারিশ করবেন।

১১. পূর্বে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদেরকে নতুন করে অক্টোবর, ২০২২ - মার্চ, ২০২৩ (Winter Semester) সিমেস্টারে ভর্তি হতে হলে পূর্বে ভর্তিকৃত বিভাগের বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট সুপারভাইজার এবং কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি মহোদয়ের সুপারিশক্রমে পূর্বের ভর্তি বাতিল করে তবেই ভর্তি হতে হবে।

১২. অনলাইনে আবেদন প্রক্রিয়া সম্পন্নের পর নিম্নবর্ণিত ধাপসমূহ অনুসরণ করা হবে ঃ

ক) আইসিটি সেল আবেদনগুলি অনলাইনে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধানের নিকট প্রেরণ করবেন।

খ) বিভাগীয় প্রধান আবেদনগুলি অনলাইনে সুপারভাইজারদের নিকট প্রেরণ করবেন। সুপারভাইজার সম্মতি প্রদানের পর অনলাইনে প্রক্টরের নিকট প্রেরণ করবেন।

গ) প্রক্টর হল নির্ধারণ করে আবেদনগুলি অনলাইনে সংশ্লিষ্ট হলের প্রভোস্ট-এর নিকট প্রেরণ করবেন। এই বিশ্ববিদ্যালয় থেকে পাশ করা ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে তাদের পূর্বের হল প্রদান করা হবে। অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যাল থেকে আগত ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে হলে আসন সংখ্যার প্রাপ্যতার ভিত্তিতে প্রক্টর হল নির্ধারণ করবেন।

ঘ) প্রভোস্ট মন্তব্য প্রদানের পর সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধানের নিকট অনলাইনে প্রেরণ করবেন।

ঙ) বিভাগীয় প্রধান এই বিশ্ববিদ্যালয়ের ভর্তিযোগ্য আবেদনপত্রসমূহ পাঠ্য পর্ষদের মাধ্যমে সুপারিশসহ ১৯-০৯-২০২২ তারিখের মধ্যে অনলাইনে কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি অফিসে পাঠাবেন। কো-অর্ডিনেটর আবেদনগুলি যাচাই বাছাই করে ভর্তির জন্য সুপারিশ করবেন এবং অনলাইনে ২১-০৯-২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রারের নিকট প্রেরণ করবেন।

চ) বিভাগীয় প্রধান এই বিশ্ববিদ্যালয়ের অপেক্ষমানসহ অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রীদের এবং পরিচালক, আইআইএফএস ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রীদের আবেদনপত্রসমূহ পাঠ্য পর্ষদের মাধ্যমে সুপারিশসহ ২৮-০৯-২০২২ তারিখের মধ্যে অনলাইনে কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি অফিসে পাঠাবেন। কো-অর্ডিনেটর আবেদনগুলি যাচাই বাছাই করে ভর্তির জন্য সুপারিশ করবেন এবং অনলাইনে ২৯-০৯-২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রারের নিকট প্রেরণ করবেন।

## ভর্তি ফি প্রদান ঃ

১৩. ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রীদেরকে নিম্নবর্ণিত তারিখের মধ্যে ক্রমিক নং ৬ এ উল্লেখিত পদ্ধতি অনুসরণ করে ভর্তি ফি এবং হল সংক্রান্ত ফি অনলাইনে প্রদান করে ভর্তি নিশ্চিত করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ফি প্রদান না করলে আবেদনটি বাতিল হয়ে যাবে। উল্লেখ্য, মোট ফি-র সাথে মোবাইল ব্যাংকিং চার্জ স্বয়ংক্রিয়ভাবে যুক্ত হয়ে যাবে।

| ক্যাটাগরি | ভর্তি ফি | হল সংক্রান্ত ফি | মোট | তারিখ |
|---|---|---|---|---|
| এই বিশ্ববিদ্যালয়ের ভর্তিযোগ্য প্রার্থী | ৮২০/- | ৪৫৫/- | ১২৭৫/- | ২২থেকে ২৭ সেপ্টেম্বর ২০২২ |
| এই বিশ্ববিদ্যালয়ের অপেক্ষমান তালিকার এবং ইন্টারডি সিপ্লিনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি (আইআইএফএস) এর ভর্তিযোগ্য প্রার্থী | ৮২০/- | ৪৫৫/- | ১২৭৫/- | ৩০ সেপ্টেম্বর ২০২২ |
| অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে আগত ভর্তিযোগ্য প্রার্থী | ৯৫০/- | ৪৫৫/- | ১৪০৫/- | ৩০ সেপ্টেম্বর ২০২২ |

১৪. ভর্তি ফি প্রদান করে ভর্তির কাজ সম্পন্ন করা ছাত্র-ছাত্রীদেরকে ক্লাশ শুরুর পর থেকে ৭ (সাত) দিনের মধ্যে হেল্থ কেয়ার সেন্টার, বাকৃবি-তে স্থাপিত মেডিক্যাল বোর্ড-এ সশরিরে উপস্থিত থেকে স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে মেডিক্যাল ফরমটি শিক্ষা বিষয়ক শাখায় জমা দিতে হবে। অন্যথায় ভর্তি বাতিল হয়ে যাবে।

১৫. অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে আগত ছাত্র-ছাত্রীদেরকে ক্লাশ শুরুর পর থেকে ৭ (সাত) দিনের মধ্যে স্নাতকের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিতে হবে। বিভাগীয় প্রধান ছাত্র-ছাত্রীদের আবেদনের সময় অনলাইনে আপলোডকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্টের সাথে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট মিলিয়ে দেখে মূল কপি ছাত্র-ছাত্রীদের ফেরত দেবেন। আপলোডকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্টের সাথে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্টের কোন প্রকার গড়মিল পেলে উক্ত ছাত্রের নাম ভর্তি বাতিলের জন্য শিক্ষা বিষয়ক শাখায় প্রেরণ করবেন।

১৬. ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ ০৬ অক্টোবর ২০২২ তারিখ থেকে শুরু হবে।

স্বা/-রেজিস্ট্রার

মেমো নং শা-১/ভ-০৩/২২/৬৫৬/শিক্ষা তারিখঃ ৩০-০৮-২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরিত হলো ঃ

১. কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি।
২. ছাত্র বিষয়ক উপদেষ্টা।
৩. কোষাধ্যক্ষ।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক।
৫. গ্রন্থাগারিক।
৬. সকল বিভাগীয় প্রধান।
৭. সকল হলের প্রভোষ্ট।
৮. প্রোক্টর।
৯. চীফ মেডিকেল অফিসার।
১০. পরিচালক, ইন্টারডিসিপ্লিনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি (আইআইএফএস)।
১১. পরিচালক, আইসিটি সেল। বিজ্ঞপ্তিটি বাকৃবি ওয়েবসাইটে প্রচারের এবং অনলাইনে আবেদন গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১২. ডেপুটি রেজিস্টার, ভিসি সচিবালয়। মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
১৩. ডেপুটি রেজিস্ট্রার, সংস্থাপন শাখা-১। রেজিস্ট্রার মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
১৪. নোটিশ বোর্ড, শিক্ষা বিষয়ক শাখা।

৩০/৮/২০২২

**এডিশনাল রেজিষ্ট্রার (শিক্ষা)**